

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৫৫৬০

পর্ব-২৮: সৃষ্টির সূচনা ও কিয়ামতের বিভিন্ন অবস্থা (كتاب أَحْوَال الْقِيَامَة وبدء الْخلق)

পরিচ্ছেদঃ দ্বিতীয় অনুচ্ছেদ - হিসাব-নিকাশ, প্রতিশোধ গ্রহণ ও মীযানের বর্ণনা

اَلْفَصْلُ التَّنِفْ (باب الحساب و القصاص و الميزان)

আরবী

وَعَن عائشةَ أَنَّهَا ذَكَرْتِ النَّارَ فَبَكَتْ فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «مَا يُبْكِيكِ?» . قَالَتْ: ذَكَرْتُ النَّارَ فَبَكَيْتُ فَهَلْ تَذْكُرُونَ أَهْلِيكُمْ يَوْمَ الْقِيَامَةِ؟ فَقَالَ رَسُولُ لِيُبْكِيكِ؟» . قَالَتُهُ عَلَيْهِ وَسَلَّمَ: أَمَّا فِي ثَلَاثَةِ مَوَاطِنَ فَلَا يَذْكُرُ أَحَدٌ أَحَدًا: عِنْدَ الْمِيزَانِ حَتَّى لَعْلَمَ: أَيْخِفُ مِيزَانُهُ أَمْ يَتْقُلُ؟ وَعِنْدَ الْكِتَابِ حِينَ يُقَالُ (هاؤم اقرؤوا كِتَابِيه) حَتَّى يَعْلَمَ: أَيْخِفُ مِيزَانُهُ أَمْ يَتْقُلُ؟ وَعِنْدَ الْكِتَابِ حِينَ يُقَالُ (هاؤم اقرؤوا كِتَابِيه) حَتَّى يَعْلَمَ: أَيْخِفُ مِيزَانُهُ أَمْ يَتْقُلُ؟ وَعِنْدَ الْكِتَابِ حِينَ يُقَالُ (هاؤم اقرؤوا كِتَابِيه) حَتَّى يَعْلَمَ: أَيْخِفُ مِيزَانُهُ أَهْ يَمِينِهِ أَمْ فِي شِمَالُه؟ أَمْ مِنْ وَرَاءِ ظَهْرِهِ؟ وَعِنْدَ الصِرَاطِ: إِذَا وُضِعَ بِينَ ظَهْرِي جَهَنَّم . رَوَاهُ أَبُو دَاوُد

اسناده ضعیف ، رواه ابوداؤد (4755) * الحسن البصری مدلس و عنعن ـ (ضَعِیف)

বাংলা

৫৫৬০-[১২] 'আয়িশাহ্ (রাঃ) হতে বর্ণিত। একদিন তিনি জাহান্নামের কথা স্মরণ করে কেঁদে ফেললেন। তখন রাসূলুল্লাহ (সা.) - প্রশ্ন করলেন, কিসে তোমাকে কাঁদাচ্ছে? তিনি ['আয়িশাহ্ (রাঃ)] বললেন, জাহান্নামের আগুনের কথা স্মরণ করে কাঁদছি। (আচ্ছা বলুন তো!) কিয়ামতের দিন আপনি আপনার পরিবার-পরিজনকে স্মরণ করবেন কি? উত্তরে রাসূলুল্লাহ (সা.) বললেন, (হে 'আয়িশাহ্!) জেনে রাখ, তিনটি জায়গা এমন হবে, যেখানে কেউ কাউকে স্মরণ করবে না। একটি মীযানের কাছে যতক্ষণ না সে জেনে নিবে যে, তার 'আমলের পাল্লা ভারী হয়েছে নাকি হালকা। দ্বিতীয়টি 'আমলনামা পাওয়ার সময়, যখন তাকে বলা হবে, আরে অমুক! এই নাও তোমার আমলনামা এবং তা পড়ে দেখ। যে পর্যন্ত না সে জেনে নিবে যে, তা তাকে ডান হাতে দেয়া হচ্ছে নাকি পিছন থেকে বাম হাতে? আর তৃতীয় হলো 'পুলসিরাত পার হওয়ার সময়, যখন তা জাহান্নামের উপর স্থাপন করা হবে। (আবূ দাউদ)



ফুটনোট

যঈফ: কারণ হাসান বাসরী 'আন দ্বারা হাদীস বর্ণনা করেছেন; হিদায়াতুর রুওয়াত ৫/১৭৪ পৃ; আবূ দাউদ ৪৭৫৫ যঈফুল জামি' ১২৪৫।

ব্যাখ্যা

ব্যাখ্যা: (افَهَلْ تَذْكُرُونَ... فَلَا يَذْكُرُ أَحَدُ أَحَدُ أَحَدُ أَحَدُ أَحَدُ أَحَدُ أَحَدُ أَحَدُ أَحَدُ المَدَ اللهِ अर्था९ আপনি কী আপনার পরিবারদেরকে কিয়ামতের দিন স্মরণ করবেন? রাসূলুল্লাহ (সা.) বলেন, তিন স্থানে কেউ কাউকে স্মরণ করবে না। এর অর্থ হলো, বিশেষভাবে কেউ কাউকে স্মরণ করবে না। কিন্তু (الشَّفَاعَةُ الْخُطْمَى) (বড় শাফা'আত) সবার জন্য আম। কিয়ামতের দিন দাড়িপাল্লা কায়িম করে খাতাগুলোকে পরিমাপ করা হবে যাতে বান্দাদের 'আমলসমূহ লিপিবদ্ধ থাকবে। যার দুটি পাল্লা থাকবে, একটি নেকীর জন্য অপরটি গুনাহর। প্রত্যেক ব্যক্তি জানতে পারবে তার পাল্লা হালকা হচ্ছে না ভারী। এর প্রকাশ্য অর্থ থেকে বুঝা যায়, এটা প্রত্যেক ব্যক্তির জন্য প্রযোজ্য। এর বাইরে নবী-রাসূলগণও নন। (المَقَالَ অর্থ গ্রহণ কর। নাবাবী (রহিমাহুল্লাহ) বলেন, আহলে হাক্কদের অভিমত হলো, অবশ্যই এটা বিস্তৃত পুল যা জাহান্নামের পৃষ্ঠের উপরে অবস্থিত, সব মানুষকে সেটা অতিক্রম করতে হবে। অতঃপর মুমিনরা তাদের 'আমল ও মর্যাদা অনুযায়ী রেহাই পাবে আর অন্যরা তথায় পতিত হবে।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবূ বাকর সিদ্দীক (রাঃ)

 $\textit{\textbf{9}} \; \mathsf{Link} - \mathsf{https://www.hadithbd.com/hadith/link/?id} = 85538$

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন